গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd;যুউঅ.বাংলা

## ২০১৮-২০১৯ অর্থববছরে যুব উন্নয়ন অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ০৯ম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃবিঃওঋণ) এবংইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২৩ এপ্রিল ২০১৯খ্রিঃ ; বেলা ১০.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। টিমের সদস্য-সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাপতির অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, মার্চ ২০১৯ মাসের কার্যবিবরণী ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় সহ সকল সদস্যকে ই-মেইলে প্রেরণ/অবহিত করা হয়েছে। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন মূল্যায়ন কাঠামোর (২০১৮-২০১৯) ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ গৃহীত হয় যা নিম্নরূপ-

| নং | উদ্দেশ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | যথাসময়ে প্রণীত হয়েছে। | যথাসময়ে প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়ণে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সচেষ্ট থাকবেন। | - |
| ২ | ইনোভেশন টিমের সভা | ইনোভেশন টিমের সভা আহবানে নম্বর পদ্ধতি চালু থাকায় নিয়মিত সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সদস্য-সচিব জানান যে, যথারীতি ০৮টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং চলতি বছরে এটি ০৯ম সভা; | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) ও সদস্য-সচিব |
| ৩ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি | ক) দেশের অভ্যন্তরে শিক্ষা সফর, ০১ ও ০২ দিনের কর্মশালা, ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা হয়। আলোচনায় জানা যায় যে,<br><br>১। পরিকল্পনা মাফিক ০৪ জন উদ্ভাবক ইতোমধ্যে দেশের অভ্যন্তরে শিক্ষা সফর সম্পন্ন করেছেন। টাঙ্গাইল থেকে সফরের প্রতিবেদন পাওয়া গেছে, অবশিষ্ট ০৩ জনের প্রতিবেদন অচিরেই পাওয়া যাবে।<br><br>২। ক) কর্মপরিল্পনা মাফিক সঠিক এক দিনের কর্মশালার রিপোর্ট এখনও উপস্থাপন না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br><br>খ) কর্মপরিল্পনা মাফিক ০৫ দিনের ইনোভেশন প্রশিক্ষণে প্রাপ্ত ৫টি আইডিয়া সফল বাস্তবায়ণ তদারকি ও প্রয়োজনীয় উদ্দীপনা প্রদানের জন্য ১০ জন মেন্টরকে ২৫জন প্রশিক্ষণ প্রাপ্ত উদ্ভাবক (মেন্টির) নাম, মোবাইল নং এবং উদ্যোগ অবহিত করে জিও জারী করা হয়েছে। | ১। অবশিষ্ট ০৩ জনের সাথে যোগাযোগ করে দ্রুত শিক্ষা সফরের প্রতিবেদন সংগ্রহ করা এবং স্ব স্ব উপজেলায় আহরিত অভিজ্ঞতা কাজে লাগানোর অগ্রগতি অবহিতকরণ;<br><br>২। ক) এক দিনের কর্মশালার রিপোর্ট আগামী ১০ দিনের মধ্যে উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়;<br><br>খ) ৫টি আইডিয়া আগামী নভেম্বর ২০১৯ মাসের মধ্যে পাইলটিং সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়; | ১। সংশ্লিষ্ট মেন্টরগণ<br><br>২। (ক) জনাব এ,কে,এম মফিজুল ইসলাম উপপরিচালক(দাঃবিঃ ও ঋণ)<br><br>খ) সংশ্লিষ্ট মেন্টরগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ) উপপরিচালক (বাস্তবায়ন) কর্তৃক বাস্তবায়নযোগ্য সম্ভাব্য-০২ দিনের কর্মশালা ও ০২ দিনের প্রশিক্ষণ চলতি মাসের মধ্যে পেশ করার কথা থাকলেও অগ্রগতি দৃশ্যমান নয়। | গ) ০২ দিনের কর্মশালা এবং ০২ দিনের প্রশিক্ষণ দ্রুত আয়োজন নিশ্চিত করা; | গ) জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন) |
| ৪ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম | সদস্য-সচিব জানান যে, চলতি মাসে কোন উদ্ভাবনী ধারণা/উদ্যোগ পাওয়া যায় নাই। উদ্ভাবনী ধারণা সঠিকভাবে প্রেরণের লক্ষ্যে পুনরায় অধিক সমৃদ্ধ গাইড লাইন দিয়ে আরও ১টি পত্র প্রেরন করা হয়েছে। | পত্রের আলোকে ধারণা প্রেরণের জন্য মেন্টরগণ অন্তত ২জন করে কর্মকর্তার সাথে যোগযোগ করতে পারেন; | সংশ্লিষ্ট সকল মেন্টর |
| ৫ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | এযাবৎ ৭জন কর্মকর্তা তাদের পাইলটে থাকা উদ্ভাবনী উদ্যোগের কাজ শেষ করার সমাপনী প্রতিবেদন প্রেরন হরেছেন। | পাইলটিং প্রতিবেদন পর্যালোচনা করে ০৯/০৫/২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে; | সংশ্লিষ্ট মেন্টর (সকল) |
| ৬ | ইনোভেশন শোকেসিং | চলতি মাসের মধ্যে পাইলট অগ্রগতি পর্যালোচনা করে শো-কেসিং এর জন্য প্রস্তুতি গ্রহণ নিয়ে আলোচনায় অন্য কোন অগ্রগতি দেখা যায় নি। | মে/২০১৯ মাসে সুবিধা জনক সময়ে শোকেসিং করার জন্য মেন্টর ও উপপরিচালক (প্রশিক্ষণ-১) কে প্রস্তুতি নিতে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে কর্তৃপক্ষের সাথে আলাপ করে তারিখ নির্ধারণ করা যাবে; | জনাব মাসুদা আকন্দ উপপরিচালক (প্রশিক্ষণ-১) ও ৪টি আইডিয়া বাস্তবায়নের সাথে যুক্ত মেন্টরগণ |
| ৭ | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | "বেকারমুক্ত গ্রাম সৃজন" জাতীয় পর্যায়ে (প্রতি জেলার ১টি করে গ্রামে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। উপপরিচালক (পরিকল্পনা) জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ডিপিপি পূনরায় সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। | মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়; | জনাব সৈয়দ আবদুল কাইয়ুম উপপরিচালক (পরিকল্পনা) |
| ৮ | ইনোভেশন মেন্টরিং | বিগত সভায় মেন্টর ও মেন্টিগণের সমন্বয়ে ১ দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে বিধায় মেন্টরগণের স্ব স্ব মেন্টিদের সাথে সক্রিয়ভাবে কাজ করার সুযোগ তৈরী হয়েছে। | ১৮-২২ মার্চ ২০১৯খ্রিঃ পর্যন্ত সমাপ্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের নতুন ৫টি আইডিয়া বাস্তবায়ণে মেন্টরগণ সচেষ্ট থাকবেন; | সংশ্লিষ্ট মেন্টর (সকল) |
| ৯ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | প্রণোদনা প্রদানের বিষয়ে ১৪ এপ্রিল/২০১৯ মাস পর্যন্ত সময় বৃদ্ধি করে পূনঃ বিজ্ঞপ্তি জারীর পর এ পর্যন্ত মাত্র ০৩টি আবেদন পাওয়া যায় বলে সদস্য-সচিব জানান। | মেন্টরগণ নিজ নিজ মেন্টিদের সাথে যোগযোগ করে সম্মাননার জন্য উদ্বুদ্ধ করবেন; | মেন্টর (সকল) |
| ১০ | ইনোভেশন খাতে বরাদ্দ | সদস্য-সচিব জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর প্রতিটি এজেন্ডা বাস্তবায়ণের জন্য সর্বমোট ২০,২৮,৯৪৭/- (বিশ লক্ষ আটাশ হাজার নয়শত সাতচল্লিশ) টাকার বাজেট বিভাজন প্রণয়ন করা হয়েছে এবং তা অর্থশাখায় অগ্রায়ন পূর্বক যোগাযোগ করা হয়েছে এবং বরাদ্দ প্রাপ্তির আশ্বাস রয়েছে। | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এ এজেন্ডা বাস্তবায়নের জন্য পেশকৃত বাজেট বিভাজন মোতাবেক অর্থ প্রাপ্তির লক্ষ্যে অর্থ শাখার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | কর্মশালা, প্রশিক্ষণ এবং শোকেসিং এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ১১ | পার্টনারশীপ ও নেটওয়ার্কিং | উপপরিচালক (বাস্তবায়ন) সভায় উপস্থিত না থাকায় পার্টনারশীপ বিষয়ে জানা গেল না। | উপপরিচালক (বাস্তবায়ন), সংগঠক জনাব আরিফ মিহির এর সাথে যোগাযোগের ব্যবস্থা নেবেন; | জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | সদস্য-সচিব জানান যে, ইনোভেশন সংক্রান্ত যাবতীয় তথ্য বাতায়নের ইনোভেশন কর্নারে নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। | ইনোভেশন সংক্রান্ত যাবতীয় তথ্য বাতায়নের ইনোভেশন কর্নারে হালনাগাদ করা; | জনাব সালেহ্‌ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) |
| ১৩ | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন | ক) যুব সংগঠন নিবন্ধনকরণের লক্ষ্যে প্রণীত সফটওয়্যারের পাইলটিং অগ্রগতি বিষয়ে আলোচনায় কোন অগ্রগতি পরিলক্ষিত নয়।<br><br>খ) জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) জানান, ই-সার্ভিসের আওতায় মানিকগঞ্জ সদরের কিছু কাজ হচ্ছে কিন্তু অন্যরা অবহেলা করছে। | ক) মে/২০১৯ মাসের মধ্যে যুব সংগঠন নিবন্ধনকরণের লক্ষ্যে প্রণীত সফটওয়্যারের ব্যবহার বিষয়ক জেলা পর্যায়ে পাইলটিং সম্পন্ন করা;<br><br>খ) তদারকি বৃদ্ধি করতে হবে; | জনাব ফরহাত নূর উপপরিচালক (প্রশিক্ষণ-২)<br><br>জনাব মোঃ হামিদুর রহমান উপ-পরিচালক (দাঃবিঃওঋণ) |
| ১৪ | সেবা পদ্ধতি সহজিকরণ | টিমের ফোকাল পয়েন্ট জনাব হামিদুর রহমান, উপ-পরিচালক অবহিত করেন যে, চলতি বছরে ঋণ সেবাকে সহজীকরন প্রক্রিয়া শেষ করে জি,ও জারী করা হয়েছে। | আগামী বছরের জন্য আর একটি নতুন সেবা চিহ্নিত করে সহজীকরণের আওতায় আনার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা নিতে এস,পি,এস টিমকে অনুরোধ জানানো হয়; | জনাব মাসুদা আকন্দ উপ-পরিচালক ও আহবায়ক এস,পি,এস টিম। |
| ১৫ | সোস্যাল মিডিয়ার ব্যবহার | | যুব উন্নয়ন অধিদপ্তরের ফেসবুকপেজে যে সমস্ত প্রত্যাশীগণ কর্মকান্ড সম্পর্কে জানতে চান তা দ্রুত জানাতে দায়িত্বপ্রাপ্ত ০৫জন কর্মকর্তা যথাযথ ব্যবস্থা নেবেন; | ১। জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন)<br>২। জনাব ফরহাত নূর উপপরিচালক (প্রশিক্ষণ-২)<br>৩। জনাব শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ)<br>৪। জনাব খন্দকার মোঃ রওনকুল ইসলাম সহকারী পরিচালক (প্রশিক্ষণ)<br>৫। জনাব মোঃ জিয়াউর রহমান প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) |

কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ কার্যাদি প্রতিপালনে আন্তরিক হবেন বলে সভাপতি আশাবাদ প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ২৮ তারিখঃ৩০/০৪/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। জনাব-------------------------------------------------- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। সংশ্লিষ্ট নথি ।

৩০/০৪/২০১৯

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

২৩/০৪/২০১৯খ্রিঃ তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব এ,কে,এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) | স্বাক্ষরিত |
| ২. | জনাব সৈয়দ আবদুল কাইয়ুম<br>উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন,<br>উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোঃ হামিদুর রহমান<br>উপপরিচালক (চঃদাঃ) (দাঃবিঃ ও ঋণ) | স্বাক্ষরিত |
| ৫. | জনাব মোঃ শাহীনুর রহমান<br>সহকারী পরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব খন্দকার মোঃ রওনকুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ৭. | জনাব মোঃ আতাউর রহমান<br>সহকারী পরিচালক (শৃংখলা) | স্বাক্ষরিত |
| ৮. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) | স্বাক্ষরিত |